

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭০৬]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ সংক্ষেপ করা সত্ত্বেও পরিপূর্ণরূপে নামায আদায় করা

باب الإِيجَازِ فِي الصَّلاَةِ وَإِكْمَالِهَا

আরবী

[[[] \_ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ قَالَ: كَانَ النَّبِيُّ يُوجِزُ الصَّلاةَ وَيُكْمِلُهَا

বাংলা

8\$8) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায সংক্ষিপ্ত করলেও তা পরিপূর্ণরূপে আদায় করতেন।

টিকাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযে অবস্থার প্রেক্ষিতে ছোট ছোট সূরা পড়তেন। কিন্তু রুকূ-সিজদা ঠিকমত আদায় করতেন। লক্ষণীয় বিষয় যে, তাঁর সংক্ষিপ্ত নামাযও কিন্তু আমাদের বর্তমান যুগের নামায অপেক্ষা দীর্ঘ ছিল। তাই এহেন ব্যবধানকে সামনে রেখে হাদীছ বুঝার চেষ্টা করলে বর্তমান যুগের বেশীর ভাগ মসজিদের নামাযকে আরও দীর্ঘ করা প্রয়োজন। বিশেষ করে রুকূ-সিজদাহ ঠিকমত আদায় করা আবশ্যক। রুকূর পর ভালভাবে এবং স্থিরতার সাথে সোজা হয়ে দাঁড়িয়ে তার পর সিজদায় যেতে হবে। এমনি দুই সিজদার মাঝখানেও সোজা হয়ে বসতে হবে। আবার এটাও সত্য যে কোন কোন মসজিদে নামায এমন দীর্ঘ করা হয় যাতে হঠাৎ কোন মুসল্লী নামায পড়তে গিয়ে বিপাকে পড়ে যান। ফলে হিতে বিপরীত হয়। তাই ভারসাম্যতা রক্ষা করা জরুরী।

## **English**

The shortening and perfection of the prayer (by the Imam)

## Narrated Anas:

The Prophet (ﷺ) used to pray a short prayer (in congregation) but used to offer it in a perfect manner.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=89712}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন